

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
কালিয়া, নড়াইল।
<http://kalia.narail.gov.bd>

উপজেলা আইসিটি কমিটির জুন/২০২৩ মাসের সভার কার্যবিবরণী।


সভাপতিঃ বুনু সাহা
উপজেলা নির্বাহী অফিসার
স্থানঃ উপজেলা পরিষদ সভাকক্ষ
তারিখঃ ২৬/০৬/২০২৩ খ্রিঃ
সময়ঃ সকাল ১১.৩০ ঘটিকা।
উপস্থিতিঃ পরিশিষ্ট “ক”

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতি সরকারি যেকোন সেবা গ্রহণের ক্ষেত্রে সেবা গ্রহীতাদের যাতে সময়, খরচ ও ভিজিট কম হয় সেদিকে লক্ষ্য রাখার জন্য উপজেলা আইসিটি কমিটির সকল সদস্যবৃন্দের দৃষ্টি আকর্ষণ করেন। সভায় উপস্থিত সদস্যগণ তাদের সমস্যা সম্পর্কে বিস্তারিত আলোচনা করেন এবং আলোচনার প্রেক্ষিতে নিম্নলিখিত সিদ্ধান্তসূহ গৃহীত হয়ঃ

ক্রমিক	আলোচ্য বিষয় ও আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১.০	শেখ রাসেল ডিজিটাল ল্যাব সংক্রান্তঃ এই বিষয় সহকারী প্রোগ্রামার জানান যে, কালিয়া উপজেলায় ১৭ টি প্রতিষ্ঠানে শেখ রাসেল ডিজিটাল ল্যাব রয়েছে। এর মধ্যে গত অর্থবছরে ৭টি নতুন ল্যাব স্থাপিত হয়েছে। ল্যাবগুলো নিয়মিত পরিদর্শন করা হচ্ছে। ল্যাবগুলোতে ছাত্র-ছাত্রীদের প্রশিক্ষণ ছাড়াও মাল্টিমিডিয়া ক্লাসরুম হিসাবে ব্যবহৃত হচ্ছে। ল্যাবগুলোর ব্যবহার সন্তুষজনক।	১। ল্যাবগুলো শতভাগ ব্যবহারের মাধ্যমে যাতে ছাত্র-ছাত্রীদের উপকার হয় তার যথাযত ব্যবস্থা গ্রহণে প্রধান শিক্ষক/ অধ্যক্ষ/সুপার মহোদয়দের অনুরোধ জানানো হয়। ২। সহকারী প্রোগ্রামারকে নিয়মিত ল্যাবগুলো ভিজিট করে প্রতিবেদন দাখিল করার জন্য অনুরোধ করা হয়।	১। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার। ২। সহকারী প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর, কালিয়া, নড়াইল। ৩। সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধান।
২.০	ওয়েব পোর্টালঃ উপজেলার সকল সকারি দপ্তরের নিজস্ব ওয়েবপোর্টাল রয়েছে। সহকারী প্রোগ্রামার জানান যে, সকল দপ্তরের ওয়েবপোর্টাল হালনাগাদ নাই। উপজেলা ও ইউনিয়ন পরিষদের ওয়েবপোর্টাল	১। ওয়েবপোর্টাল হালনাগাদ করার জন্য দপ্তর প্রধানদের আরো আন্তরিক হওয়ার অনুরোধ জানানো হয়। ২। ইউনিয়ন পরিষদের ওয়েবপোর্টাল হালনাগাদ করার জন্য ইউনিয়ন পরিষদের উদ্যোক্তাদের অনুরোধ করা হয়। ৩। এই বিষয় টেকনিক্যাল সাহায্যের দরকার হলে সহকারি	দপ্তর প্রধান (সকল)

	নিয়মিত হালনাগাদ করার জন্য সংশ্লিষ্ট দপ্তর প্রধান, ইউপি সচিব ও উদ্যোক্তাদের সভায় অনুরোধ জানানো হয়।	প্রোগ্রামারের সাথে যোগাযোগের অনুরোধ করা হয়।	
৩.০	ই-নথি/ডি-নথি বাস্তবায়ন সংক্রান্ত	উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে ডি-নথি কার্যক্রম চলমান আছে। এছাড়া অন্য যেসকল দপ্তরে ডি-নথি লাইভে আছে সে সকল দপ্তরে ডি-নথি কার্যক্রম বেগবান করতে হবে।	দপ্তর প্রধান (সকল)
৪.০	ইউডিসি সংক্রান্ত	১। ইউডিসি উদ্যোক্তাগণ তাদের আয় ও সেবা সংক্রান্ত তথ্য নিয়মিত একসেবা মনিটরিং টুলে আপলোড করবেন। ২। ইউডিসিগুলোকে আইসিটি প্রশিক্ষণ কেন্দ্র হিসাবে গড়ে তুলতে হবে। ৩। যেসকল ইউডিসিতে মহিলা উদ্যোক্তা নেই, সেসকল ইউডিসিতে মহিলা উদ্যোক্তা নিয়োগের ব্যবস্থা করতে হবে।	১। ইউপি চেয়ারম্যান (সকল) ২। ইউপি সচিব (সকল) ৩। ইউডিসি উদ্যোক্তা (সকল)
৫.০	সরকারি ইমেইল ব্যবহার সংক্রান্ত	যে সকল অফিসে সরকারি ইমেইল আছে, যোগাযোগ এবং ফাইল আদান-প্রদান করার ক্ষেত্রে সে সকল অফিসকে সরকারি ই-মেইলের ব্যবহার নিশ্চিত করার জন্য অনুরোধ জানানো হয়।	দপ্তর প্রধান (সকল)
৬.০	https://service.ashra.gov.bd সাইটে আশ্রয়ণ প্রকল্পের উপকারভোগীদের ডাটা এন্ট্রিকরণ।	কালিয়া উপজেলায় ৫৩৮টি ভূমিহীন পরিবারকে আশ্রয়ণ-২ প্রকল্পের মাধ্যমে পুনর্বাসিত করা হয়েছে। এ সংক্রান্ত উপকারভোগীর সকল তথ্য অনলাইনে আপলোড করার ব্যবস্থা গ্রহণের জন্য সহকারী-প্রোগ্রামার ও প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়।	১। সহকারী প্রোগ্রামার ২। প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি কর্তৃক সভার সমাপ্তি ঘোষণা করা হয়।


26.07.2023
(রেনু সাহা)

উপজেলা নির্বাহী অফিসার
কালিয়া, নড়াইল।

- ১। মাননীয় সংসদ সদস্য-৯৩, নড়াইল-০১।
- ২। মহাপরিচালক, আইসিটি অধিদপ্তর, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা।
- ৩। জেলা প্রশাসক, নড়াইল।
- ৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালিয়া, নড়াইল।
- ৫। উপজেলা কর্মকর্তা, কালিয়া, নড়াইল।
- ৬। ইউপি চেয়ারম্যান (সকল), কালিয়া, নড়াইল।
- ৭।
- ৮। অফিস কপি।